দৈনিক ইত্তেফাক

379

তারিখ JAN. 8.. 1999
পৃষ্ঠা 4 কলাম 3

# গণিত বিভাগে নূতন শিক্ষকের পদ সৃষ্টির আবেদন

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারী বিশ্ববিদ্যালয় কলেজের বর্তমান ছাত্র-ছাত্রী সংখ্যা প্রায় ১২ হাজার। এখানে ১৮টি বিষয়ে অনার্স ও মাষ্টার্স ডিগ্রী দেওয়া হয়। অধিকাংশ বিভাগে রহিয়াছে শিক্ষকের স্বল্পতা। তাহার মধ্যে গণিত বিভাগ অন্যতম। গণিত বিভাগে আছে চারজন শিক্ষকের পদ। অথচ গণিত বিভাগে রহিয়াছে অনার্স ও মাষ্টার্স কোর্স। উল্লেখ্য যে, অনার্স ও মাষ্টার্সের জন্য ১২ জন শিক্ষকের প্রয়োজন। গণিত বিভাগে ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রায় ৫০০। তাহা ছাড়া রহিয়াছে উচ্চ মাধ্যমিক শাখা। ঐ চারজন শিক্ষকের পক্ষে গণিতের সবগুলি ক্লাস নেওয়া সম্ভব হইতেছে না। ফলে আমরা অধিকাংশ ক্লাস হইতে বঞ্চিত। এমতাবস্থায়, অত্র শিক্ষা প্রতিষ্ঠানে গণিত বিভাগসহ অন্যান্য বিভাগে শিক্ষকের নূতন পদ সৃষ্টির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

শ্রীবাস চন্দ্র দাশ,
কুমিল্লা ভিক্টোরিয়া বিশ্ববিদ্যালয় কলেজ, কুমিল্লা